



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা  
[wwwccb.gov.bd](http://wwwccb.gov.bd)

## সময় বর্ধিতকরণ বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতা

ব্যবসা-বাণিজ্য সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত, নিশ্চিত ও বজায় রাখার উদ্দেশ্যে গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সামগ্রিক কর্মকাণ্ডের (যেমন: ষড়যন্ত্রমূলক যোগসাজশ, মনোপলি ও ওলিগোপলি অবস্থা, জোটবন্ধন অথবা কর্তৃতুময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূল করা) বিষয়ে দেশের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ও কলেজ পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান জানানো যাচ্ছে:

### রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

- (১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/সাধারণ/কারিগরি বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) অনার্স/মাস্টার্স লেভেলে অধ্যয়নরত ও মাদ্রাসার সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:  
বিষয়ঃ কোডিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশের প্রতিযোগিতামূলক স্থায় সেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২৫০০ শব্দের মধ্যে)।
- (২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি সাধারণ/কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাদ্রাসার সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:  
বিষয়ঃ পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২০০০ শব্দের মধ্যে)।

### শর্তাবলী:

- ১। রচনা A4 সাইজের কাগজে, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চিং রেখে এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) প্রিন্ট করতে হবে;
- ২। রচনা বাংলা ভাষায় লিখতে হবে। তবে কোন উদ্বৃত্তি বা কোন বক্তি/প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম/বক্তব্য কোট আনকোট করে ইংরেজী ভাষা ব্যবহার করা যাবে, তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না;
- ৩। রচনার উপশিল্পে অংশগ্রহণকারীর নাম, পিতা-মাতার নাম, যোগাযোগের ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, বর্ষ/শ্রেণী, মোবাইল নম্বর (বাংলা ও ইংরেজিতে) ও ইমেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় এ সকল তথ্য উল্লেখ করা যাবে না, অন্যথায় রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ৪। রচনার সাথে এক কপি ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে;
- ৫। ছাত্র/ছাত্রীর ছাত্রত্ব সম্পর্কে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে;
- ৬। ২৯-০৮-২০২১ খ্রিঃ বিকাল ৮.০০ ঘটিকার মধ্যে রচনার প্রাপ্তিলিপি ডাক/কুরিয়ার যোগে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা বরাবরে পৌছাতে হবে; অথবা নিম্নে বর্ণিত ই-মেইলে পিডিএফ ফরম্যাটে (secretary.ccb2012@gmail.com) প্রেরণ করা যাবে। উক্ত সময়ের মধ্যে ব্যক্তিগতভাবেও উপস্থিত হয়ে জমা দেয়া যাবে, বিলম্বের কারণ যাই হোক না কেন নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত রচনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না;
- ৭। প্রাপ্ত রচনাসমূহ অভ্যন্তরীণভাবে একটি কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে বাছাই করা হবে;
- ৮। প্রাথমিক বাছাই পর্বে নির্বাচিত রচনাসমূহ এ লক্ষ্যে গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে;

- ৯। রচনা মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;  
 ১০। দাখিলকৃত রচনা ফেরত প্রদান করা হবে না;

চলমান পাতা-২

- ১১। দাখিলকৃত সকল রচনা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পদ হিসেবে বিবেচিত হবে এবং নিজস্ব প্রয়োজনে কমিশন উক্ত রচনার তথ্যাদি ব্যবহারের ক্ষমতা সংরক্ষণ করে;  
 ১২। প্রথম স্থান অধিকারকারীর রচনা কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে; এবং  
 ১৩। প্রতিযোগিতা কমিশনে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর সন্তান বা পরিবারের সদস্য এ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে না।

রচনা মূল্যায়নের মানদণ্ড:

বিষয়	নম্বর
মূল প্রতিপাদ্য বিষয় পরিস্ফুটন	৪০
তথ্য-উপাদান সন্ধান ও বিশ্লেষণ	৩৫
ভাষাগত উৎকর্ষ	১৫
রচনার ঋকীয়তা	১০
মোট	১০০

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সমাননা সনদ:

বিশ্ববিদ্যালয় পর্যায়ে:

- ১। প্রথম পুরস্কার: নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।  
 ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।  
 ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে:

- ১। প্রথম পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।  
 ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।  
 ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।



মোঃ কবীরুল হাসান  
সচিব